গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা শাখা
www.rajshahi.gov.bd

মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | শামীম আহমেদ<br>জেলা প্রশাসক ও সভাপতি, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, রাজশাহী |
| সভার তারিখ | ২৪.০৫.২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), রাজশাহীকে অনুরোধ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), রাজশাহী আলোচ্যসূচি অনুযায়ী নির্ধারিত আলোচনাসমূহ নিম্নরূপে উপস্থাপন করেন।

| ক্র. নং | আলোচ্য সূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ :** সভায় গত ১৬.০৪.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা নিয়ে সভায় আলোচনা হয়। | গত ১৬.০৪.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনীর প্রয়োজনীয়তা না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ০২. | **উপজেলাসমূহের উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পর্যালোচনা :** উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক বিবেচ্য মাসের (সভা অনুষ্ঠানের মাসের) পূর্ববর্তী মাসের কার্যবিবরণী নিয়মিত প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | পূর্ববর্তী মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত প্রেরণ অব্যাহত রাখবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী |
| ০৩. | **কার্যপত্র প্রাপ্তি**: সদস্য সচিব জানান যে, আলোচ্য মাসে জেলার ৫৪টি দপ্তর থেকে কার্যপত্র পাওয়া যায় এবং অবশিষ্ট দপ্তর থেকে সভায় আলোচনার জন্য কোন তথ্য পাওয়া যায়নি। জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র সঠিকভাবে প্রণয়নের জন্য প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রত্যেক দপ্তরকে সভা অনুষ্ঠানের পূর্ববর্তী মাসের সার্বিক কার্যক্রমের তথ্য প্রেরণের বিষয়ে আলোকপাত করা হয়। | জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র প্রণয়নের জন্য প্রত্যেক বিভাগকে সভা অনুষ্ঠানের পূর্ববর্তী মাসের সার্বিক কার্যক্রমের তথ্যাদি প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর প্রধান |

<table>
<tr>
<td>০৪.</td>
<td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার :</u><br>বিগত মার্চ ও এপ্রিল ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table>
<tr><td>মাসের নাম</td><td>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</td><td>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</td><td>বাস্তবায়ন হার</td></tr>
<tr><td>মার্চ-২০২৩</td><td>৬৫</td><td>৬১</td><td>৯৩%</td></tr>
<tr><td>এপ্রিল-২০২৩</td><td>৫৯</td><td>৫৫</td><td>৯৩%</td></tr>
</table>
জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিকাংশ সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের শতভাগ বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকার জন্য দপ্তর সমূহকে অনুরোধ জানানো হয়।</td>
<td>সকল দপ্তর প্রধান</td>
</tr>
</table>

**<u>আলোচ্যসূচি-০৫</u> :**

<u>বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :</u>

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.০১ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী** : আলোচনার শুরুতে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী কমিটির সকল সদস্যকে স্বাগত জানান। তিনি তাঁর বিভাগের প্রকল্পের তথ্যসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, বর্তমানে ১৯টি প্রকল্পের চলমান কার্যক্রমের মধ্যে ১টি প্রকল্পের কার্যক্রম শতভাগ শেষ হয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে, এডিপি'র বরাদ্দে চলমান প্রকল্পসমূহের কার্যক্রম আগামী জুন মাসের মধ্যে সমাপ্ত হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী বলেন যে, কিছু ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করে কাজ পাওয়ার পর কাজ বিক্রি করে দেন। ফলে সঠিক সময়ে কাজ সমাপ্ত হয় না। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। | <u>৫.১.১</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধসহ স্থানীয় জনপ্রতিনিধিগণকে এ বিষয়ে নজরদারি করার জন্য অনুরোধ জানানো হয়। | ১।নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী<br>২। ইউএনও (সকল), রাজশাহী<br>৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী |
| ৫.০২ | **গণপূর্ত বিভাগ-১, রাজশাহী :** নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১ এর উন্নয়নমূলক প্রকল্পের তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১ জানান যে, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন' শীর্ষক প্রকল্পের ফিনিসিং কার্যক্রম চলমান আছে। জুন মাসের শেষ সময়ে এটি জনগণের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে মর্মে জানানো হয়। তিনি আরো জানান যে, গণপূর্ত বিভাগ-১, রাজশাহীর আওতায় ৫টি মডেল মসজিদের মধ্যে ৩টি মডেল মসজিদের উদ্বোধন হয়েছে এবং বাঘা উপজেলা মডেল মসজিদের কার্যক্রম শুরু হয়েছে। | <u>৫.১.২</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরপ্রধানকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, রাজশাহী |
| ৫.০৩ | **গণপূর্ত বিভাগ-২, রাজশাহী :** নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-২ এর তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২৫টি প্রকল্পের মধ্যে ৮টি প্রকল্পের শতভাগ কার্যক্রম শেষে হস্তান্তরিত হয়েছে। মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের আওতায় পুঠিয়া ও দূর্গাপুর উপজেলার কাজ চলমান রয়েছে। তানোর, গোদাগাড়ী মডেল মসজিদের ভবন ব্যবহৃত হচ্ছে এবং হস্তান্তর প্রক্রিয়াধীন। | <u>৫.৩.১</u>- দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ ও আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫.০৪ | **সড়ক ও জনপথ বিভাগ, রাজশাহী :** নির্বাহী প্রকৌশলী, সওজ, রাজশাহী এর তথ্য সভায় উপস্থাপন করা হয়।<br>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রাজশাহী বলেন যে, ৩টি প্রকল্পে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সমন্বয় করে Utility Line Shifting এর কাজ চলমান রয়েছে। রাজশাহী-নওহাটা-চৌমাসিয়া সড়কের বিন্দুর মোড় হতে বিমান বন্দর হয়ে নওহাটা ব্রীজ পর্যন্ত পেভমেন্ট ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের ৮২% অগ্রগতি হয়েছে এবং পুঠিয়া-বাগমারা যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্পের সৌন্দর্য বর্ধনের কাজ চলছে। তিনি আরো জানান যে, বানেশ্বর-সারদা-চারঘাট-বাঘা-লালপুর-ঈশ্বরদী (পাবনা) (জেড-৬০০৬) জেলা মহাসড়ককে মানে উন্নীতকরণ প্রকল্পের ৭৬% অগ্রগতি হয়েছে। আগামী জাতীয় নির্বাচনের আগেই প্রকল্পসমূহের কাজ শেষ হবে মর্মে তিনি জানান। | <u>৫.৪.১-</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, রাজশাহী। |
| ৫.০৫ | **সিভিল সার্জনের কার্যালয়, রাজশাহী :** সিভিল সার্জনের কার্যালয়, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সিভিল সার্জন, রাজশাহী বলেন যে, এ বছর হজ্ব যাত্রীদের করোনা ভ্যাকসিন প্রদান করা হচ্ছে। তিনি আরো জানান যে, প্রতিবেদনাধীন মাস পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে ৩৪৭৬৪ জন, সুস্থ্য ৩৪৪২০ জন, মৃত-৩৪৪ জন এবং চিকিৎসাধীন ০ জন। করোনা ভ্যাকসিন ১ম ডোজ-২৬৪৮৬৫৪ জন, ২য় ডোজ-২৫১৬৮১৯ জন, বুস্টার ডোজ ১৪২৪০৮১ জন এবং ৪র্থ ডোজ ৭২৯৩২ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। | <u>৫.০৫.১</u> ডাক্তারের উপস্থিতি নিয়মিতকরণসহ স্বাস্থ্যসেবা ও টিকা প্রদান কার্যক্রম নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয় । | সিভিল সার্জন, রাজশাহী |
| ৫.০৬ | **স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী** : নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহীর প্রেরিত তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী জানান, রাজশাহী জেলায় ৭টি প্রকল্পের কাজ চলমান আছে। | <u>৫.০৬.১</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী |
| ৫.০৭ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী** : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বলেন যে, ৫টি প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন উপজেলায় ১০০ টি বিদ্যালয়ে ২০০টি ওয়াস ব্লক নির্মাণ কার্যক্রমের ৮২% সমাপ্ত হয়েছে। তিনি আরো জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে এবং বাংলাদেশের ২৩টি পৌরসভার পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের মধ্যে গোদাগাড়ী পৌরসভায় ৫টি পাবলিক টয়লেট, ২৬টি কমিউনিটি টয়লেট, ৯.২৬ কি.মি প্রাইমারী ড্রেন, ১টি সলিড ওয়েস্ট কম্পোস্টিং সিস্টেম, ১টি স্লাজ ট্রিটমেন্ট প্ল্যান্ট, ৪৮টি ডাস্টবিন এবং ১টি সলিড ওয়েস্ট সর্টিং শেড এর কাজ ৭৫% সম্পন্ন হয়েছে। এছাড়াও মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ পর্যায়ে নির্মিত ঘরে পানির উৎস/নলকূপ স্থাপন কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। | <u>৫.০৭.১-</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫.০৮ | **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী :** শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী'র উন্নয়নমূলক প্রকল্পের তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী জেলার ১০টি প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরে মোট ১৮৭টি স্কিমের মধ্যে ১১৩টি স্কিমের কাজ চলমান আছে। ৭৩টি স্কিমের কাজ সমাপ্ত হয়েছে এবং ১টি স্কীমের কাজ শুরুর অপেক্ষায়। কাজের গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য মনিটরিং জোরদার করা হবে মর্মে সভায় জানানো হয়। | ৫.০৮.১- প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী |
| ৫.০৯ | **জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, রাজশাহী** : জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। জেলা শিক্ষা অফিসার জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.০৯.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা শিক্ষা অফিসার, রাজশাহী |
| ৫.১০ | **জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী :** জেলা সমাজসেবা কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী সভাকে জানান যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহ (ভাতা) কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম চলছে মর্মে জানানো হয়। | ৫.১০.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী |
| ৫.১১ | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী :** উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভায় জানান যে, চলতি মৌসুমে বোরো ধান ৮৫% সংগ্রহ সম্ভব হয়েছে। এ বছর ইরি ধানের গড় ফলন ২৫ মন। চলতি খরিফ-১ মৌসুমে আউস আবাদের লক্ষ্যমাত্রা ৫২৬৩০ হেক্টর এর বিপরীতে এখন পর্যন্ত আবাদ হয়েছে ৯৪৪৫ হেক্টর জমিতে। পাট আবাদের লক্ষ্যমাত্রা ১৯৫৪৬ হেক্টর এর বিপরীতে আবাদ হয়েছে ১৮০৪৮ হেক্টর জমিতে। চলতি মৌসুমে বৃষ্টি বেশী হলে পাট উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে মর্মে সভায় জানানো হয়। এছাড়াও তিল উৎপাদনে নতুন করে স্বপ্ন দেখা দিয়েছে। রোপা আমন ধান কর্তনের ১৫-২০ দিন আগে তিল বপন করলে এ দেশের মানুষ উপকৃত হবেন মর্মে সভায় জানানো হয়। | ৫.১১.১- সম্প্রসারণমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে দপ্তরের সকলকে অধিকতর আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী |
| ৫.১২ | **কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা জানান, গত মাসের তুলনায় চলতি মাসে লিটার প্রতি সয়াবিন তেল ৫-৬/-, পামওয়েল ১২-১৫/-, পিঁয়াজ ৩০-৩৫/-, রসুন দেশি ৫০-৬০/-, রসুন বিদেশি ১০-২০/-, আদা ৯০/-আলু ৫-৯/- এবং চিনি ১৬-১৮/- টাকা বৃদ্ধি পেয়েছে এবং অন্যান্য পণ্যের মূল্য স্থিতিশীল আছে।<br>বাজার নিয়ন্ত্রন আইনে এপ্রিল/23 মাসে মোট ৩৯,০০০/-টাকা রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে মর্মে জানানো হয়। | ৫.১২.১- দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | জেলা সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫.১৩ | **কৃষি উন্নয়ন কর্পোরেশন :** কৃষি উন্নয়ন কর্পোরেশন এর তথ্য সভায় উপস্থাপন করা হয় । উপপরিচালক, কৃষি উন্নয়ন কর্পোরেশন সভাকে জানান যে, আউস ধান বীজ ৬১.৫০০ মে.টন বীজ ডিলারদের জন্য বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত বীজ ডিলারদের মাঝে বিতরণ করা হয়েছে।<br>এছাড়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রণোদনা, কৃষক ও রাজস্ব প্রদর্শনীয় প্রকল্পে মোট ২১৮.১৬ মে.টন আউশ ধান বীজ সরবরাহ করা হয়েছে।<br>তিনি আউশ ধান বীজ ও পাট বীজসহ সকল প্রকার বীজ বিক্রয়ে সংশ্লিষ্ট সকল দপ্তরের সহযোগিতা কামনা করেন। | ৫.১৩.১- দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক (বীবি), কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী |
| ৫.১৪ | **জেলা প্রাণিসম্পদ অধিদপ্তর, রাজশাহী :** জেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, পবিত্র ঈদ-উল-আযহা সমাগত। কোরবানীর পশু গরু, ছাগল, ভেড়ার চিকিৎসা অব্যাহত রয়েছে। কোরবানীর পশুর চামড়া সঠিক প্রক্রিয়ায় ছাড়ানোর জন্য প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে মর্মে সভাকে জানানো হয়। তিনি আরও জানান যে, প্রতি বছরের ন্যায় এবছরও দুগ্ধ দিবস পালন করা হবে এবং ৪০ জন খামারীকে ১ লক্ষ টাকা করে পুরস্কার প্রদান করা হবে। | ৫.১৪.১- সকল কার্যক্রমের প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজশাহী |
| ৫.১৫ | **রাজশাহী মেট্রোপলিটন পুলিশ :** রাজশাহী মেট্রোপলিটন পুলিশ এর কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় আরএমপি'র প্রতিনিধি জানান যে, গণপূর্ত বিভাগের মাধ্যমে বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্পসমূহের নির্মাণ কাজ সুষ্ঠুভাবে চলছে এবং সরকারি বিধি-নিষেধ প্রতিপালনসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ৫.১৫.১ গণপূর্ত বিভাগের মাধ্যমে বাস্তবায়িত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী |
| ৫.১৬ | **রাজশাহী সিটি কর্পোরেশন :** রাজশাহী সিটি কর্পোরেশনের তথ্য সভায় উপস্থাপন করা হয়। কিন্তু প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.১৬.১- আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী |
| ৫.১৭ | **স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী :** স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক, স্থানীয় সরকার জানান, উন্নয়ন কর্মকান্ডসহ দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তবে জন্ম-নিবন্ধন এর হার বর্তমানে সন্তোষজনক হলেও মৃত্যু নিবন্ধনের হার সন্তোষজনক নয়। তিনি পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যানগণকে জন্ম নিবন্ধনের পাশাপাশি মৃত্যু নিবন্ধনের হার সন্তোষজনক না হওয়ায় মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য পুনরায় অনুরোধ করেন। | ৫.১৭.১- পৌরসভা/ইউপি চেয়ারম্যানগণকে জন্ম নিবন্ধনের পাশাপাশি মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হয়। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী<br>৩। উপজেলা/ ইউপি চেয়ারম্যান (সকল), রাজশাহী<br>৪। মেয়র (সকল) পৌরসভা, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫.১৮ | **পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী :** সভায় পানি উন্নয়ন বোর্ড, রাজশাহীর তথ্য উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজশাহীর প্রতিনিধি জানান যে, ৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় বারনই ও ফকিরনী নদীর পুনঃখনন কাজ চলমান। চারঘাট ও বাঘা উপজেলার পদ্মা নদীর বাম তীরের স্থাপনাসমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা প্রকল্পের আওতায় ১১ (এগারো)টি প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং ড্রেজিং এর ০৮টি প্যাকেজে ১৭টি ড্রেজারের মাধ্যমে ড্রেজিং কাজ চলমান। ইতোমধ্যে উক্ত প্রকল্পের ৬০% কাজ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান যে, চলতি অর্থবছরে সংশোধিত বাজেটে ৩০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। ছাড়যোগ্য অর্থের পরিমান ২০০ কোটি টাকা যা প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য অপ্রতুল মর্মে জানিয়েছেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী বলেন যে, কোটি কোটি টাকা ব্যয়ে নির্মিত রাস্তার উপর দিয়ে নদী খননের মাটি নিয়ে যাওয়ার সময় কাদা মাটি রাস্তায় পড়ার কারণে রাস্তা নষ্ট হচ্ছে এবং বহু দুর্ঘটনা হচ্ছে।<br>এ বিষয়ে সভাপতি মহোদয় বিজ্ঞানসম্মত উপায়ে কাজ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | ৫.১৮.১- নির্ধারিত সময়ের মধ্যে সব কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী |
| ৫.১৯ | **জেলা পরিষদ, রাজশাহী :** জেলা পরিষদ, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী'র প্রতিনিধি জানান যে, বিভিন্ন সামাজিক কার্যক্রম চলমান এবং কোন সমস্যা নেই। | ৫.১৯.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, রাজশাহী |
| ৫.২০ | **জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় 'আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩' এর তথ্য সংগ্রহ কার্যক্রম ২১ মে ২০২৩-১৫ জুন ২০২৩ সময়সীমায় সারাদেশ ব্যাপী CAPI পদ্ধতিতে পরিচালনা করা হবে। জেলা সুপারভাইজিং কর্মকর্তাগণ ১৭-২০ মে ২০২৩ পর্যন্ত তথ্য সংগ্রকারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় 'আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩' এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ৫.২০.১- সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | জেলা পরিসংখ্যান অফিসার, রাজশাহী |
| ৫.২১ | **জেলা পরিবার পরিকল্পনা অফিস, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক জানান যে, জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি চলমান রয়েছে। এসএসিএমও কর্তৃক স্কুলে কিশোর কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হচ্ছে। প্রতিটি উপজেলায় ১টি করে দেশে মোট ৫০০ টি মডেল ক্লিনিক তৈরি হচ্ছে। আশা করা যায় এ সমস্ত মডেল ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান করা আরও সহজ হবে। | ৫.২১.১- সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক পরিবার পরিকল্পনা, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫.২২ | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী** : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, এপ্রিল ২০২৩ মাসে ২৪৬টি অভিযান পরিচালনা করে ১২৬ জন আসামীর বিরুদ্ধে মোট ১২৬ টি মামলা রুজু করা হয়েছে। এছাড়া ১০৫ টি মোবাইল কোর্ট মামলায় ১০৫ জন আসামীকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড ৯০,২০০/-টাকা অর্থদন্ড প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন উন্নয়ন কার্যক্রম চলমান নেই। তবে নিজস্ব ভবন নির্মাণের জন্য প্রধান কার্যালয়ের নির্দেশনার আলোকে জমি নির্বাচনের কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.২২.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী |
| ৫.২৩ | **রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ** : রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের তথ্য সভায় উপস্থাপন করা হয়। কিন্তু কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.২৩.১- আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৫.২৪ | **নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক শাখা** : নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.২৪.১- দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র প্ল্যানার নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক শাখা |
| ৫.২৫ | **রাজশাহী ওয়াসা:** এ কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় নির্বাহী প্রকৌশলী, ওয়াসা, রাজশাহী'র প্রতিনিধি জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.২৫.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | সচিব, ওয়াসা, রাজশাহী |
| ৫.২৬ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী** : সভায় বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহীর তথ্য উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী বলেন যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের আওতায় ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। এ বছর বোরো মৌসুমে তীব্র তাপদাহের কারণে ভূ-গর্ভ্যস্থ পানির সর্বোচ্চ উত্তোলন হয়েছে। বর্ষা মৌসুমে পর্যাপ্ত বৃষ্টিপাত না হলে ভূ-গর্ভ্যস্থ পানি ব্যবহার করে চাষাবাদ করা কঠিন হবে মর্মে তিনি জানান। | ৫.২৬.১-দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | ১। নির্বাহী প্রকৌশলী বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী |
| ৫.২৭ | **যুব উন্নয়ন অধিদপ্তর** : যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী'র কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপ-পরিচালক জানান, চলতি অর্থবছরে ১৪টি যুব সংগঠনের নিবন্ধন হয়েছে। এছাড়া প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কর্মসূচিসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.২৭.১- দাপ্তরিক ও অন্যান্য কর্মসূচির প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | উপ-পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী |
| ৫.২৮ | **জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী** : জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় সহকারী পরিচালক জানান যে, ভোক্তা অধিকার বিরোধী অপরাধ প্রতিরোধের লক্ষ্যে তদারকিমূলক অভিযান পরিচালনাসহ তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.২৮.১- দাপ্তরিক ও অন্যান্য কর্মসূচির প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী |
| ৫.২৯ | **বিএসটিআই, রাজশাহী** : বিএসটিআই, রাজশাহী'র কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক, বিএসটিআই, রাজশাহী'র প্রতিনিধি বলেন যে, বিভিন্ন খাদ্য দ্রব্যের উপর মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে এবং অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ৫.২৯.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক বিএসটিআই, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫.৩০ | **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী** : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী'র কার্যালয় থেকে প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। নিরাপদ খাদ্য কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় জানানো হয়। | ৫.৩০.১- দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | নিরাপদ খাদ্য কর্মকর্তা বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী |
| ৫.৩১ | **জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী:** জেলা খাদ্য নিয়ন্ত্রকের তথ্য সভায় উপস্থাপন করা হয়। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বলেন যে, চাল, ধান ও গম সংগ্রহে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫.৩১.১ সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী খাদ্য নিয়ন্ত্রক ও আহরন ও ব্যয়ন কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী |
| ৫.৩২ | **পরিবেশ অধিদপ্তর, রাজশাহী** : পরিবেশ অধিদপ্তর, রাজশাহী তথ্য সভায় উপস্থাপন করা হয়। কিন্তু কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৩২.১- আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপরিচালক পরিবেশ অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৩৩ | **জেলা সমবায় অফিস, রাজশাহী** : এ কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় জেলা সমবায় কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কাজসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.৩৩.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | জেলা সমবায় কর্মকর্তা রাজশাহী |
| ৫.৩৪ | **জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী** : জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী'র দাপ্তরিক তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস মহোদয়ের প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.৩৪.১ প্রতিটি কার্যক্রম আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী |
| ৫.৩৫ | **ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী** : ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী'র প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৩৫.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী |
| ৫.৩৬ | **জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহী** : জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৩৬.১-সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী |
| ৫.৩৭ | **পিটিআই, রাজশাহী** : পিটিআই, রাজশাহী'র তথ্য পাওয়া গেছে। সভায় সুপারিনটেনডেন্ট, পিটিআই, রাজশাহী জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণ কার্যক্রম আপাতত: স্থগিত আছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ১৪ দিন ব্যাপী ২৫ জন করে আইসিটি প্রশিক্ষণ চলমান আছে মর্মে জানানো হয়। | ৫.৩৭.১- সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | সুপারিনটেনডেন্ট, পিটিআই, রাজশাহী |
| ৫.৩৮ | **জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো** : এ কার্যালয় থেকে তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৩৮.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো |
| ৫.৩৯ | **রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি:** রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় জেনারেল ম্যানেজার, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, রাজশাহী জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোনো সমস্যা নেই। | ৫.৩৯.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | জেনারেল ম্যানেজার, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, রাজশাহী |
| ৫.৪০ | **নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১** : নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত জেনারেল ম্যানেজার জানান যে, দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.৪০.১- নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সর্বোচ্চ নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | জেনারেল ম্যানেজার পল্লীবিদ্যুৎ সমিতি নাটোর-১ |

| | | | |
|---|---|---|---|
| ৫.৪১ | **নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ :** নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, বিদ্যুতের চাহিদা অনুযায়ী লোড কম পাচ্ছেন। দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.৪১.১- নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সর্বোচ্চ নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি নাটোর-২ |
| ৫.৪২ | **বাংলাদেশ পল্লি উন্নয়ন বোর্ড, রাজশাহী :** এ দপ্তরের কার্যক্রমের তথ্য পাওয়া গেছে। সভায় উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী'র প্রতিনিধি জানান, তাঁর কার্যালয়ের কার্যক্রম যথারীতি চলছে। | ৫.৪২.১ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী |
| ৫.৪৩ | **মহিলা সহায়তা কর্মসূচি, বিভাগীয় কার্যালয়, রাজশাহী :** এ অধিপ্তরের তথ্য পাওয়া গেছে। সভায় প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৪৩.১ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপ-পরিচালক মহিলা সহায়তা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৪৪ | **মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী :** মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী জানান, সরকারি নির্দেশনা মেনে তার দপ্তরের সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। | ৫.৪৪.১ সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৪৫ | **কর্মজীবি মহিলা হোস্টেল :** এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.৪৫.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | হোস্টেল সুপার, কর্মজীবি মহিলা হোস্টেল, রাজশাহী |
| ৫.৪৬ | **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রাজশাহী :** এ কার্যালয় থেকে তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.৪৬.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপমহা পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রাজশাহী। |
| ৫.৪৭ | **পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৪৭.১ সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | জেনারেল ম্যানেজার পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লি., রাজশাহী |
| ৫.৪৮ | **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। কিন্তু প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৪৮.১-আগামী সভায় স্বয়ং/ প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী |
| ৫.৪৯ | **কাকনহাট পৌরসভা :** কাকনহাট পৌরসভা'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় মেয়র, কাকনহাট পৌরসভা জানান যে, দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.৪৯.১- নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | মেয়র, কাকনহাট পৌরসভা, রাজশাহী |
| ৫.৫০ | **নওহাটা পৌরসভা:** নওহাটা পৌরসভার উন্নয়নমূলক তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত মেয়র মহোদয়ের প্রতিনিধি জানান যে, এই কার্যালয়ের দাপ্তরিক কাজসমূহ সুষ্ঠুভাবে চলমান আছে এবং কোনো সমস্যা নেই। | ৫.৫০.১:- সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | মেয়র, নওহাটা পৌরসভা, রাজশাহী |
| ৫.৫১ | **তাহেরপুর পৌরসভা, রাজশাহী:** তাহেরপুর পৌরসভার উন্নয়নমূলক তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত মেয়র মহোদয়ের প্রতিনিধি জানান যে, এই কার্যালয়ের দাপ্তরিক কাজসমূহ সুষ্ঠুভাবে চলমান আছে এবং কোনো সমস্যা নেই। | ৫.৫১.১:- সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | মেয়র, তাহেরপুর পৌরসভা, রাজশাহী |
| ৫.৫২ | **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প (বিসিক) :** এ কার্যালয় থেকে তথ্য পাওয়া গেছে। সভায় উপমহাব্যবস্থাপক, বিসিক, রাজশাহী'র প্রতিনিধি জানান যে, এই কার্যালয়ের দাপ্তরিক কাজসমূহ সুষ্ঠুভাবে চলমান আছে এবং কোনো সমস্যা নেই। | ৫.৫২.১- নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | উপমহাব্যবস্থাপক, বিসিক, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫.৫৩ | **জেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ, রাজশাহী :** এ কার্যালয় থেকে তথ্য পাওয়া গেছে। জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা, রাজশাহী বলেন যে, এ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে এবং কোনো সমস্যা নেই। | ৫.৫৩.১- সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা, রাজশাহী |
| ৫.৫৪ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স :** এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত কর্মকর্তা জানান, তার দপ্তরে কোন উন্নয়নমূলক কাজ নেই। | ৫.৫৪.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী |
| ৫.৫৫ | **বাংলাদেশ হাইটেক পার্ক, রাজশাহী :** বাংলাদেশ হাইটেক পার্ক, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না। | ৫.৫৫.১-আগামী সভায় স্বয়ং/ প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | প্রকল্প পরিচালক বাংলাদেশ হাইটেক পার্ক, রাজশাহী |
| ৫.৫৬ | **জেলা তথ্য অফিস, রাজশাহী :** জেলা তথ্য অফিস, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তা জানান যে, জনগুরুত্বপূর্ণ এলাকায় সাম্প্রদায়িকতা, গুজব, অপ্রপ্রচার ও প্রতিহিংসার রাজনীতি রোধ এবং করোনা সংক্রামণসহ অন্যান্য প্রচার কার্যক্রম অব্যাহত আছে। | ৫.৫৬.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | পরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী |
| ৫.৫৭ | **মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, রাজশাহী :** মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তা জানান যে, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ৫.৫৭.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, রাজশাহী |
| ৫.৫৮ | **ব্র্যাক:** এই কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত ব্র্যাক জেলা সমন্বয়ক জানান যে, এই কার্যালয়ের দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। কোনো সমস্যা নেই। | ৫.৫৭.১ সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | ব্র্যাক জেলা সমন্বয়ক, ব্র্যাক |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শামীম আহমেদ
জেলা প্রশাসক ও সভাপতি, জেলা উন্নয়ন
সমন্বয় কমিটি, রাজশাহী

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০৩৬.০৬.০০১.২৩.৩৭

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০
৩১ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় প্রতিমন্ত্রী, প্রতিমন্ত্রীর দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬

২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৪) মুখ্য সমন্বয়ক (এসডিজি) , মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৫) মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১/রাজশাহী-২/রাজশাহী-৩/রাজশাহী-৪/রাজশাহী-৫

৬) সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/জননিরাপত্তা ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়/খাদ্য মন্ত্রণালয়/স্বাস্থ্য মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/বস্ত্র ও পাট মন্ত্রণালয়/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ভূমি

মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ডাক, টেলিযোগাযোগ ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়/পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্ত

৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন

৯) ..............................................., ..............................................

১০) প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী [স্বাক্ষরিত কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]

মোঃ আনিসুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও
মানবসম্পদ ব্যবস্থাপনা)